

হিসাব
৪৭

বাংলাদেশ ব্যাংক গবর্নরের আহ্বান শিক্ষার্থীদের জন্য বেসরকারী ব্যাংক থেকে সুদমুক্ত ঋণ চালু করুন

অর্থনৈতিক রিপোর্টার : শিক্ষার্থীদের ক্ষেত্রে সুদমুক্ত ঋণ চালুর জন্য বেসরকারী ব্যাংকগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গবর্নর ড. সুলেহউদ্দিন আহমেদ। অফিসিয়াল বক্তব্যে তিনি এ আহ্বান জানিয়ে বলেন, মালয়েশিয়াসহ বিশ্বের অনেক দেশে ছাত্রছাত্রীদের সুদমুক্ত ঋণ দেয়ার মডেল রয়েছে। দেশের ভেতর তাঁ শুরু করা যেতে পারে। রাজধানীর একটি হোটেলের এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে গবর্নর বলেন, বন্দসার পাশাপাশি সামাজিক দায়িত্ব পালনে ব্যাংকিং খাতকে এগিয়ে আসতে হবে। বিশেষ করে শিক্ষা খাতে সবচেয়ে বড় সামাজিক দায়িত্ব পালন করতে পারে বেসরকারী ব্যাংকগুলো। শিক্ষা খাতের উন্নয়নের জন্য শুধু সরকারের ওপর নির্ভরশীল থাকলে চলবে না। বেসরকারীভাবে এগিয়ে আসতে হবে। বিশ্বের অনেক দেশে শিক্ষা খাত বেসরকারীভাবে উন্নতি করা হচ্ছে। শিক্ষা খাত উন্নতির জন্য শুধু ব্যাংক নয়, অন্যান্য বেসরকারী খাতকেও এগিয়ে আসতে হবে। এর ফলে জাতি উপরুত হবে।

অফিসার এলিম ব্যাংকের পক্ষ থেকে ৭০ শিক্ষার্থীর হাতে বৃত্তি তুলে দেয়া হয়েছে। এর মধ্যে ঢাকা, প্রকৌশলী, ডার্সিটি, মেডিক্যাল ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৪২ অসফল মেধাবী শিক্ষার্থী এবং ঢাকার ১০টি স্কুলের ২৮ শিক্ষার্থী রয়েছে। বৃত্তি হিসাবে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ১৫ হাজার টাকা এবং স্কুলের শিক্ষার্থীদের সাড়ে ৭ হাজার টাকার চেক প্রদান করা হয়।

এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার বলেন, অসফলতার কারণে সমাজে অনেক প্রতিভা ক্ষয় হয়েছে। এই ঋণে যাওয়া প্রতিভা উদ্ধারের জন্য এলিম ব্যাংক বৃত্তি প্রকল্প চালু করেছে।